

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৪৩

১/ বিবিধ

আরবী

إن الملائكة لتفرح بذهاب الشتاء، لما يدخل على فقراء المؤمنين منه من الشدة منكر

رواه ابن عدي بإسناد الذي قبله، ورواه العقيلي (422) وكذا الطبراني (3 / 112 / 1) من طريق أخرى عن معلى بن ميمون عن مجاهد عن ابن عباس مرفوعا. وقال العقيلي: " معلى بن ميمون بصري منكر الحديث، لا يتابع على حديثه، ولا يعرف إلا به، وله من هذا النحو أحاديث مناكير لا يتابع عليها وقوله: " ولا يتابع على حديثه " عجيب فإنه نفسه أخرجه (ص 150) من طريق نعيم بن حماد: حدثنا سعيد بن دهثم المقدسي قال: حدثنا عبد الله بن نمير الرحبي عن مجاهد به. ولكن سعيد بن دهثم هذا قال العقيلي: " حديثه غير محفوظ، وعبد الله بن نمير ليس بمعروف بالنقل ". قلت: ونعيم ضعيف

বাংলা

৬৪৩। শীতকাল চলে গেলে অবশ্যই ফেরেশতারা আনন্দিত হয়। কারণ শীত দরিদ্র মুমিনদের কষ্ট বয়ে আনে।

হাদীছটি মুনকার।

এটি ইবনু আদী পূর্বের হাদীছটির সনদে বর্ণনা করেছেন। আর উকায়লী (৪২২), অনুরূপভাবে তাবারানী (৩/১১২/১) অন্য সূত্রে মা'যাল্লা ইবনু মায়মূন হতে তিনি মুজাহিদ হতে ... বর্ণনা করেছেন। উকায়লী বলেনঃ মা'যাল্লা ইবনু মায়মূন মুনকারুল হাদীছ। তার হাদিসের মুতাবায়াত করা যায় না। এ হাদীছটি একমাত্র তার মাধ্যমেই জানা যায়। তার অনুরূপ আরো মুনকার হাদীছ রয়েছে সেগুলোরও মুতাবা'য়াত করা যায় না।

'তার হাদীছের মুতাবা'য়াত করা যায় না এ কথাটি আশ্চর্যজনক। কারণ তিনি নিজেই (পৃঃ ১৫০) নোয়াইম ইবনু হাম্মাদের সূত্রে ... হাদীছটি বর্ণনা করেছেন। উকায়লী বলেনঃ তার হাদীছ নিরাপদ নয়। কারণ মুজাহিদ হতে বর্ণনাকারী আব্দুল্লাহ ইবনু নুমায়ের বর্ণনা করার দিক দিয়ে প্রসিদ্ধ নন।

আমি (আলবানী) বলছিঃ নোয়াইম দুর্বল

হাদিসের মান: মুনকার (সহীহ হাদিসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71522>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন